২য় অনুরোধ পত্র

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.০৪৫.১৯-৫৪২

তারিখঃ ১১ কার্তিক ১৪২৬ / ২৭ অক্টোবর ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৫৮১৯/২০১০ মামলায় গত ০২.০৮.১৬ খ্রি. তারিখের রায়ের আলোকে কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলাধীন আদর্শ দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) আদর্শ দাখিল মাদরাসা, সোন্দাহ, কুমারখালী, কুষ্টিয়া এর সুপার (ভারপ্রাপ্ত) কর্তৃক দাখিলকৃত আবেদন তারিখ: ০৬.০৬.২০১৯ খ্রি.।
(২) TMED এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০০৪.০৪৫.১৯-৩৯৭ তারিখ: ২৯.০৭.১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলাধীন আদর্শ দাখিল মাদ্রাসাটি শিক্ষা মন্ত্রণালয়ের ০৬.০৫.১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে এমপিওভুক্তির জন্য নিবাচিত করা হয়। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের ৩১.৫.১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকে প্রকাশিত এমপিওভুক্তির জন্য নিবাচিত প্রতিষ্ঠানসমূহের তালিকায় বর্ণিত প্রতিষ্ঠানটি ৫০ নং ক্রমিকভুক্ত করা হয় ।

০২। অত:পর কোন কারণ দর্শানো ব্যতিরেকে ১৬.০৬.১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম এমপিও তালিকা হতে বাতিল করা হয়। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি, আলহাজ মো: উজির আলী সেলিম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৮১৯/২০১০ মামলা দায়ের করা হয়।

০৩। রিট পিটিশন নং-৫৮১৯/২০১৬ মামলায় বিগত ০২.০৮.১৬ তারিখে মাননীয় উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত রায়/নির্দেশনা নিম্নরূপ-

"The impugned circular dated 16.06.2010, issued by respondent no. 5 vide Memo No S.M/AS 13/MPO-12/2009/229, as evidenced by Annexure G, is hereby declared to have been issued without lawful authority and to be of no legal effect, so far as it relates to the petitioner's Madrasha.

The Madrasha Shall be entitled to receive the MPO on and from June, 2010. The respondents are directed to necessary steps to include the petitioner's Madrasha in the MPO list and thereafter make the payments to the teachers of the teachers in accordance with law.

The concerned respondetns are further directed to comply with the aforesaie directive forthwith, fliling which the petitioner shall be at liberty to initate appropriate, legal action against the concerned officials.

০৪। উক্ত রিট মামলার রায়/নির্দেশনা সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় উক্ত রায়ের বিরুদ্ধে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল দায়ের করা আবশ্যক ছিল। কিন্তু বর্ণিত রিট মামলার রায়ের কপি টিএমইডি'র আইন শাখায় পাওয়া যায়নি। ইতোমধ্যে রায় ঘোষণার তারিখ ০২.০৮.১৬ হতে প্রায় ০৩ বছর (১০৬৩ দিন) অতিবাহিত হলেও গত ২৫.০৫.১৯ পর্যন্ত কোন আপীল মামলা দায়ের হয়নি মর্মে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের তত্ত্বাবধায়ক কর্তৃক ৩০.০৫.১৯ তারিখে প্রতিবেদনে উল্লেখ করা হয়।

০৫। উল্লেখ্য যে, The Supreme Court of Bangladesh (Appllate Division) Rules, 1998 এর অর্ডার XIII এর বিধান অনুযায়ী রিট মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়েরের মেয়াদ ৬০ (ষাট) দিন। কিন্তু রিট পিটিশন নং-৫৮১৯/২০১০ মামলায় ০২.০৮.১৬ তারিখে রায় প্রকাশের পর ইতোমধ্যে (৩০.০৬.১৯ পর্যন্ত) ১০৬৩ দিন অতিক্রান্ত হয়েছে অর্থাৎ সময় তামাদির মেয়াদ পার হওয়ার পরও ১০০৩ দিন অতিক্রান্ত হয়েছে। ফলে এত দীর্ঘদিন পর আপিল দায়ের করা হলেও তা তামাদির কারণে খারিজ হয়ে যাবে মর্মে স্পষ্টভাবে প্রতীয়মান হয়।

০৬। বর্ণিত বিষয়াদি বিবেচনায় নিলে এটা স্পষ্ট হয় যে, বর্তমান আঙ্গীকে আপিল দায়ের করা হলেও আপিল মামলা দ্বারা সরকার পক্ষ তথা টিএমইডি কোন রুপে আইনগত সুবিধা (Legal Benefit) পাবে মর্মে প্রতীয়মান হয় না বিধায় রিট মামলার রায় বাস্তবায়ন হওয়া প্রয়োজন।

০৭। এক্ষণে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) রিট পিটিশন নং-৫৮১৯/২০১০ মামলায় গত ০২.০৮.১৬ খ্রি: তারিখের রায়ের বিরুদ্ধে (১০৬৩ দিন অতিক্রান্ত হওয়া সত্ত্বেও) আজোবধি সরকার পক্ষ তথা টিএমইডি তথা ডিএমই কর্তৃক কোন আপীল দায়ের না হওয়ায় (তত্ত্বাবধায়ক, আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন মতে) বর্ণিত রিট মামলার রায় অনুযায়ী (জুন/২০১০ মাস হতে বকেয়াসহ) আদর্শ দাখিল মাদ্রাসা, সোন্দাহ, কুমারখালী, কুষ্টিয়া নামীয় প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করা;

(খ) "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০" এর জনবল কাঠামো বিবেচনায় নিয়ে জুন/২০১০ মাসে উক্ত মাদ্রাসায় কর্মরত জনবল (প্রকৃত জনবল যাচাইক্রমে) এমপিওভুক্তির ব্যবস্থা নেয়া। সেসাথে দীর্ঘ সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও আপীল দায়ের না হওয়ার কারণ জানা।

০৮। এমতাবস্থায়, উপরি-উক্ত ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থার তথ্যাদি ০৮.০৮.১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলেও দীর্ঘ ৬০ দিন অতিক্রান্ত হওয়া সত্ত্বেও গৃহীত তথ্যাদি আজোবধি পাওয়া যায়নি। মন্ত্রণালয়ের ০৮.০৮.১৯ তারিখের আদেশ বাস্তবায়ন করে বাস্তবায়ন প্রতিবেদন আগামী ১৪.১১.১৯ তারিখের মধ্যে গৃহীত ব্যবস্থার তথ্যাদি টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে ২য় বারের মতো বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেবেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.০৪৫.১৯-৫৪২/১(৭)

তারিখঃ ১১ কার্তিক ১৪২৬ / ২৭ অক্টোবর ২০১৯

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাক(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। আলহাজ্ব মো: উজির আলী সেলিম, সভাপতি, আদর্শ দাখিল মাদ্রাসা, সোন্দাহ, চড়াইকোল, কুমারখালী, কুষ্টিয়া।
৮। অফিস কপি/মাস্টার কপি।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭